**জনসংযোগ অফিস**
**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়**
**সাভার, ঢাকা, বাংলাদেশ**
**ফোন: ৭৭৯১০৪৫-৫১**

**Public Relations Office**
**Jahangirnagar University**
**Savar Dhaka Bangladesh**
**Phone: +88027791045-51**

# প্রেস বিজ্ঞপ্তি

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
## গ্রাফিক্স ডিজাইনে প্রথম স্থান বিজয়ী
## এম.এস.এস ছাত্র মুজাহিদুল ইসলাম জাহিদ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৬ সেপ্টেম্বর ২০১৮।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইসিটি মন্ত্রণালয়ের LICT (Leveraging ICT for Growth and Employment) প্রজেক্ট এর অধীনে ভারতের আর্নেস্ট এন্ড ইয়াং কর্তৃক বিগত ৫ বছর ধরে পরিচালিত সদ্য সমাপ্ত ফান্ডামেন্টাল স্কিলস ট্রেনিং অন গ্রাফিক্স ডিজাইন এ সারা বাংলাদেশ থেকে ২০ হাজার এর অধিক প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করেন। এতে গ্রাফিক্স ডিজাইনে সারাদেশে প্রথম স্থান অধিকার করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগের এম.এস.এস ছাত্র মুজাহিদুল ইসলাম জাহিদ। গত ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে তার হাতে বেস্ট প্রজেক্ট পুরস্কার তুলে দেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রনালয়ের মন্ত্রী মোস্তফা জব্বার। উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগের সচিব জুয়েনা আজিজ, বিসিসি এর নির্বাহী পরিচালক পার্থ প্রতীম দেব।

উল্লেখ্য, ২০১৭ সালের নভেম্বর মাসে সরকার ও রাজনীতি বিভাগের উদ্যোগে বাংলাদেশ সরকারের আইসিটি মন্ত্রণালয়, এলআইসিটি, এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটি সমঝোতা স্মারক ( MoU) স্বাক্ষরিত হয়। এর ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগে তিন মাস ব্যাপী ১৬০ ঘন্টার এই কোর্স টি পরিচালিত হয়। কোর্স সম্পন্নকারীদের Goerge Washington University of America থেকে সার্টিফাইড করা হয়।

পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ অফিস